দৈনিক বাংলা

তারিখ 04 JUL 1987
পৃষ্ঠা 1 কলাম 2

১৯শে আষাঢ় ১৩৯৪ বাং

১৫১

## স্কুলের ফল যত ভালো হবে সরকার তত বেশী মনোযোগ দেবে ঃ মাহবুব

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেছেন, যেসব শিক্ষাপ্রতিষ্ঠানের কার্যক্রম, লেখাপড়া ও পরীক্ষার ফলাফল যতবেশি সন্তোষজনক হবে, সেইসব শিক্ষাপ্রতিষ্ঠানের উন্নয়নের জন্য সরকার ততবেশি মনোযোগ দেবে এবং অর্থ ব্যয় করবে।

তিনি বলেন, এর অন্যথা জনগণের অর্থের অপচয়ের নামান্তর।

তিনি গতকাল ফরিদপুর জেলার সদরপুর উপজেলার সরকারী মহাবিদ্যালয়ে ছাত্র-ছাত্রী, শিক্ষক

৩-এর পৃঃ দ্রঃ

### মাহবুব

(১ম পৃঃ পর)

অভিভাবক ও জনসাধারণের স্বতঃস্ফূর্ত এক জনসমাবেশে ভাষণ দিচ্ছিলেন।

জনাব মাহবুব বলেন, দেশের শিক্ষিত সমাজ ও জনগণের পূর্ণ সহযোগিতায় শিক্ষা ব্যবস্থাকে দুর্নীতি, দলীয় রাজনীতি, সন্ত্রাস ও বিশৃংখলামুক্ত করার জন্য সরকার বদ্ধপরিকর। খবর তথ্য দফতরের বিজ্ঞপ্তির।

শিক্ষামন্ত্রী বলেন, শুধু জাতীয়করণের মাধ্যমে শিক্ষার উন্নয়ন ঘটবে না, এর জন্য ঘটাতে হবে শিক্ষার প্রসার এবং মানোন্নয়ন। উক্ত মহাবিদ্যালয়ের অধ্যক্ষ সভাপতিত্ব করেন। শিক্ষা পরিদফতরের মহাপরিচালক (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক) সমাবেশে উপস্থিত ছিলেন।